গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলাপরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

আগস্ট/২০২৩ মাসের অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:
সভাপতি :জনাবকরুনা সিন্ধু চৌধুরী বাবুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ:৩০-০৮-২০২৩ খ্রি. সময় : ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকর করা তথা দুই হাজার এক চল্লিশ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে পরস্পরের সহযোগিতা কামনা করে নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করার জন্য সভায় একমত পোষণকরা হয়। | সিদ্ধান্ত:বিগত সভার কার্য বিবরণীতে সংশোধন/ সংযোজন/ পরিবর্তন থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ী করণকরা হয়। | বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃবিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান যে, অপারেশন থিয়েটার চালু রাখার জন্য গাইনী/সার্জারী কনসালটেন্ট নিয়োগের বিষয়ে উধর্ব্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়। বারিয়াঘাট কমিউনিটি ক্লিনিকের কাজ কিছু দিনের মধ্যে শুরু হবে। তাহিরপুর হাসপাতালের পুরাতন ভবনের সংস্কার কাজ সমাপ্ত হয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | **সিদ্ধান্ত :** ১। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মান বৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। বিভাগীয় সংশ্লিষ্ট বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবারপরিকল্পনাঅফিসার, তাহিরপুর, সংশ্লিষ্টসকল |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি সভায় আরও জানান আউশ ধান আবাদ হয়েছে ৫১০ হেক্টর। আমন ধানের বীজতলার লক্ষমাত্র ৬৩৩৫ হেক্টর। ইতোমধ্যে অর্জিত হয়েছে ৬০২০ হেক্টর। ধানের বর্তমান অবস্থা ভাল। এজি অটোমেটিক ওয়েদার স্টেশনের জন্য জমি/স্থান বরাদ্দের প্রয়োজন। সারের কোন প্রকার সংকট নেই। মাসকালাই বীজ ও সার প্রণোদনা হিসেবে ৫০ জন কৃষকদেও মধ্যে বিতরণ করা হবে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে আউশ ধানের ফসলের কর্তনের পূর্ব পর্যন্ত নিয়মিত মাঠে পরিদর্শণ চলমান রাখা এবং কৃষকদের সঙ্গে পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর এর সভায় জানান যে, প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগী করে তোলা,এবং খামারীদের গবাদি পশু ও হাঁসমুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | [illegible] |
| --- | --- | --- | --- | --- |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। হাওর অঞ্চলের মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এর আলোকে অভিযান/মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রাখার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | সিদ্ধান্তঃ হাওর অঞ্চলের মৎস্য সম্পদ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ এর আলোকে অভিযান/মোবাইল কোর্ট কার্যক্রম চলমান রাখার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মান সম্পন্ন প্রাথমিক শিক্ষা অর্জনের লক্ষ্যে বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং করা হচ্ছে। শিক্ষকদের উপকরণ ও পাঠিকা ব্যবহার কওে পাঠদান করার জন্য উপদেশ দেওয়া হয়েছে। বিদ্যালয় গুলোতে মা সমাবেশ ও অভিভাবক সমমাবেশ নিয়মিচ্ছে। বিদ্যালয়ের স্লিপের কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন হয়েছে। | সিদ্ধান্ত : ০১। বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর সংশ্লিষ্ট সকল |
| ০৭ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসুচির /এডিপির আওতায় তাহিরপুর উপজেলা পরিষদের অনুকূলে ১ম কিস্ত বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরাকরি বিভাগীয় প্রধানগণ/ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা দাখিল করার জন্য একটি পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা ২০২৩ -২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচি /এডিপির আওতায় সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরাকরি বিভাগীয় প্রধানগণ/ সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা দাখিল করার জন্য একটি পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। প্রতিমাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ পরিবার পরিকল্পনা বিভাগের স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প অনুষ্ঠিত হয়। তাছাড়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে মেডিকেল অফিসার এম.সি.এইচ-এফ.পি পদের বিপরীতে কর্মকর্তা পদায়ন করা হয়েছে। মা ও শিশু স্বাস্থ্য গর্ভবতী মায়েদের সেবা দেওয়ার জন্য একটি কক্ষ বরাদ্দের প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। বাদাঘাট বালিজুরী ইউনিয়নের স্বাস্থ্য ও পঃকঃ কেন্দ্র গুলো মেরামতের কাজ ৮০% সম্পন্ন হয়েছে কিছু দিনের মধ্যে শতভাগ সম্পন্ন হবে। বাদাঘাট ও শ্রীপুর উত্তর ইউনিয়নের স্বাস্থ্য ও পঃপ কেন্দ্রগুলো নিয়মিত চালু আছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্যালয়ে মা ও শিশু স্বাস্থ্য গর্ভবর্তী মায়েদের সেবা দেওয়ার জন্য। রুম খালি থাকা সাপেক্ষে উপজেলা বিবি মোতাবেক স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। উপজেরার সংশ্লিষ্ট স্বাস্থ্য ও পঃপঃ কেন্দ্র নিয়মিত মটিটরিং করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকতা তাহিরপুর (সংশ্লিষ্ট সকল) |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সরকারি নির্দেশনা মোতাবেক ৩০ আগস্ট/২০২৩ থেকে সেপ্টেম্বর/২০২৩ তারিখ পর্যন্তবয়স্ক ভাতা, বিধাব ভাতা, ও প্রতিবন্ধী ভাতার অনলাইনে আবেদন চলমান আছে। আবেদনের প্রেক্ষিতে এবছর সংশ্লিষ্ট বরাদ্দ আসবে। লাইভ ভেরিফিকেশনের মাধ্যমে মৃত/ নিরুদ্দেশ ও পুণঃ বিবাহে আবদ্ধ বিধাব ভাতাভোগীদের শনাক্ত করে সামাজিক নিরাপত্তা কর্মসূচির সমূহ আপডেট হচ্ছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে যাচাই-বাছাই করে জেলায় ক্যান্সার, কিডনি রোগীদের অগ্রাধীকার তালিকা পাঠানোর পরিকল্পনা রয়েছে। | **সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনান্তে উপজেলা সাজসেবা কর্তৃক বিভিন্ন প্রকারের ভাতাভোগিদের সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে যথাযথভাবে কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর |
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ৫০ তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ উপজেলা পর্যায়ে ০৮-০৯-২০২৩ হতে ১২-০৯-২০২৩ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। উচ্চ মাধ্যমিক ( এইস এস সি) পরীক্ষা-২০২৩ গত ১৭-০৮-২০২৩ তারিখে শুরু হয়েছে। আগামী ২৫-০৯-২০২৩ তারিখ শেষ হবে মর্মে সভায় অবহিত করেন। উপজেলায় পরীক্ষা কেন্দ্র ০২টি যথাক্রমে ০১/ জয়নাল আবেদীন ডিগ্রী কলেজ ( ভেন্যু : তাহিরপুর সরকারি স্কুল), ০২/ বাদাঘাট সরকারি কলেজ ( ভেন্যু :বাদাঘাট পাবলিক উচ্চ বিদ্যালয়)। | **সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনান্তে ৫০তম গ্রীষ্মকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩, উচ্চ মাধ্যমিক (এইস এস সি) পরীক্ষা-২০২৩ সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভায় জানান , তাহিরপুর উপজেলায় মোট ১২০ টি সমবায় সমিতির কার্যক্রম সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর আলোকে পরিচালিত হচ্ছে। আলোচ্য মাসে প্রধানমন্ত্রীর উপহার প্রাপ্ত ভূমিহীনদেও সমন্বয়ে সাহিদাবাদ ও কামড়াবন্দ গ্রামে ০২ টি আশ্রায়ন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। এছড়াও আলোচ্য মাসে সরকারি রাজস্ব ( অডিট ফি)-৩৭,৭৪০/- (সাইত্রিশ হাজার সাতশত চল্লিশ) টাকা আদায় পূর্বক ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | **সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলায় তালিকাভুক্ত সমিতিগুলোর নিবন্ধন সমিতি আইন ও বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম চলমান রাখার জন্য উপজেরা সমায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান যে, তাহিরপুর উপজেলায় নতুন এক জন যুব উন্নয়ন অফসার গত ২৭-০৮-২০২৩ তারিখ সুনামগঞ্জ জেলা যুব উন্নয়ন উপ-পরিচালকের কার্যালয়ে যোগদান করেন। ন্যামনাল সার্ভিস কর্মসূ মেয়াদ আগামী১ শে আগস্ট/২০২৩ তাসিমাপ্ত হবে। তা ছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | **সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | **সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয় | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | |
|---|---|---|---|---|
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কমসূচির খাতে বরাদ্দ পাওয়া গিয়াছে। ইজিপিপি প্রকল্প বাস্তবায়নের জন্য অধিদপ্তর হতে তাগিদ প্রদান করা গয়েছে। ইউনিয়ন হতে তালিকা পাওয়া গিয়াছে। বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা চলমান রয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থবছরের বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান ২০২৩-২০২৪ অর্থবছওে ২০.০০ লক্ষ টাকা বিতরণ ( ক্ষুদ্র ঋণ) এবং এস.এম.ই ঋণ বিতরণ কার্যক্রমশুরু হয়েছে। তিন আর জানান তার দপ্তরের দরজা জানালা মেরামত করা জরুরী। খেলাপি সদস্যদেও সাথে যোগাযোগ অব্যহত রয়েছে। তাচাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ সদস্যদের ঋণ আদায়ে দ্রুত বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুর, |
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর এর পদ শন্য থাকায় তার দপ্তরের কোন প্রকার কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য দায়িত্বপ্রাপ্ত অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর |
| ১৭ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় জানান অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদেও মাসিক সভায় নিয়মিত উপস্থি থাকার জন্য উপজেলা আনসার ভিডিপি অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ১৮ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে দাপ্তিরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৯ | বিবিধ : উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামেতর ব্যয় বিল | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান জনাব মোঃ শুকুর আলী, গাড়ি চালক, উপজেলা পরিষদ, তাহিরপুর সুনামগঞ্জ কর্তৃক ২৬-০৮-২০২৩ খ্রি. তারিখ উপজেলা পরিষদের মিতসুবিশি পাজারো জীপ গাড়িটি সংস্কার ও মেরামতের ০২ টি ব্যয় ভাউচারসহ মোট ৪৯৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় উপজেলা পরিষদের মিতসুবিশি পাজারো জীপ গাড়ির মেরামতের ব্যয় বিল বাবদ মোট ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর |
| ২০ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ- ইউজিডিপি প্রকল্পের আওতায় প্রসেস ফ্যাসিলিটেটর হিসেবে দায়িত্ব পরিচালনা করবেন। তিনি সভায় জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জাইকায় সহযোগিতায় এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন একটি প্রকল্প সক্ষম যাছাইয়ের ভিত্তিতে তাহিরপুর উপজেলা পরিষদকে অতিরিক্ত উন্নয়ন সহায়তা হিসেবে বরাদ্দ প্রদান করা হয়। ৬ষ্ঠ পর্যায়ে তাহিরপুর উপজেলা সক্ষমতা যাছাইয়ের ভিত্তিতে মনোনীত হয়েছে। এবং অতিরিক্ত উন্নয়ন সহায়তা হিসেবে ৪০,০০,০০০ ( চল্লিশ লক্ষ) টকা ভ্যাট টেক্স ছাড়া। বরাদ্দকৃত টাকার পুরোটাই | সিদ্ধান্ত ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ- ইউজিডিপিপ্রকল্পের আওতায় প্রসেস ফ্যাসিলিটেটর হিসেবে যথাযথ দায়িত্ব পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি মোতবেক হিসাব পরিচালনা করার জন্য অগ্রণী ব্যাংকে একটি হিসাব খোলার জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।<br><br>০২। ৬ষ্ঠ পর্যায়ে তাহিরপুর উপজেলা সক্ষমতা যাছাইয়ের ভিত্তিতে মনোনীত হওয়ায় অতিরিক্ত উন্নয়ন সহায়তা হিসেবে ৪০,০০,০০০ ( চল্লিশ লক্ষ) টাকা ভ্যাট টেক্স ছাড়া। বরাদ্দকৃত টাকার | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |



CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অবাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প হিসেবে বাস্তবায়নের জন্য ব্যয় করা হবে । ব্যয় পরিচালনার জন্য ব্যাংক হিসাব অগ্রণী ব্যাংকে খুলতে হবে । তাছাড়া তিনি আরও জানান উপজেলা পরিসদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার সুযোগ প্রদান এবং উপজেলা পরিষদের মাসিক সভায় অংশ গ্রহণে ( কো-অপ সদস্য) হিসেবে অন্তভূক্ত করার বিষয়ে সদয় বিবেচনার জন্য সভাপতিসহ সভায় উপস্থিত সলকলের দৃষ্টিআকর্ষণ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর সভায় জানান বিগত ১৯-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ- ইউজিডিপি প্রকল্পের আওতায় জন গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার ভিত্তিক উপ-প্রকল্প হিসাবে নিম্নোক্ত ০২টি উপ-প্রকল্প অনুমোদিত হয়। উপ-প্রকল্পগুলো ০১। "তাহিরপুর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদরাসায় উচু-নীচু বেঞ্চ সরবরাহ" প্রকল্পটি বহাল রেখে। ০২। ট্যাকেরঘাট সুপেয় পানির রিজার্ভেয়র নির্মাণ, প্রকল্পটি পরিবতর্ন করে (ক). **সাব মারজেবল নলকূপ স্থাপন ও পাইপ লাইনেরমাধ্যমে চাঁনপুর টিলা ও রাজাই গ্রামে পানি সরবরাহকরণ (খ). চাঁনপুর টিলা গ্রামে কমিউনিটি টয়লেট নির্মাণ**। প্রকল্পটি বাস্তবায়নের জন্য বিষয়ে আলোচনা এবং বাস্তবায়নের চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। উপ-প্রকল্পের বিস্তারিত পরিশিষ্ট-খ | অবাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প হিসেবে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০৩। ইউজিডিপি প্রকল্পের আওতায় প্রসেস ফ্যাসিলিটেটর হিসেবে দায়িত থাকায় উপজেলা পরিষদের মাসিক সভায় অংশ গ্রহণে ( কো-অপ সদস্য) হিসেবে অন্তভূক্ত করার বিষয়ে সভায় সকল সদস্য একমত পোষণ করেন।<br>০৪। ১৯-০৭-২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ- ইউজিডিপি প্রকল্পের আওতায় জন গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার ভিত্তিক উপ-প্রকল্প হিসাবে নিম্নোক্ত ০২টি উপ-প্রকল্প অনুমোদিত হয়। উপ-প্রকল্পগুলো ০১। **"তাহিরপুর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদরাসায় উচু-নীচু বেঞ্চ সরবরাহ"** প্রকল্পটি বহাল রেখে। ০২ নং- প্রকল্প ট্যাকেরঘাট সুপেয় পানির রিজার্ভেয়র নির্মাণ, প্রকল্পটি পরিবতর্ন করে (ক). **সাব মারজেবল নলকূপ স্থাপন ও পাইপ লাইনেরমাধ্যমে চাঁনপুর টিলা ও রাজাই গ্রামে পানি সরবরাহকরণ (খ). চাঁনপুর টিলা গ্রামে কমিউনিটি টয়লেট নির্মাণ** - প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশরী এলজিইডি- তাহিরপুরকে অনুরোধ করেন। বাস্তবায়নের চূড়ান্ত অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিশিষ্ট-খ | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনানা থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৯/২৩

করুনা সিন্ধু চৌধুরী বাবুল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯-৫৫ (৫) তারিখঃ ০৭-০৯-২০২৩ খ্রি.

সদয়অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতারভিত্তিতেনয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেওে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিলসার্জন, সুনামগঞ্জ।
০৯। ..............................................................................................(জেলা পর্যায়েরসংশ্লিষ্টসকল), সুনামগঞ্জ



CamScanner

অবগতি ও প্রয়োজনীয়কার্যার্থেঃ

১০। ভাইস চেয়ারম্যান / মহিলাভাইস চেয়ারম্যান,উপজেলাপরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

১১। উপজেলা................................................কমর্কর্তা (সংশ্লিষ্টসকল)তাহিরপুর,সুনামগঞ্জ।

১২। চেয়ারম্যান, ..........................................ইউনিয়নপরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।

১৩। অফিসনথি/ মাস্টার ফাইল।

সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com

পরিশিষ্ঠ-খ

## অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প
## প্রাক্কলিত বাজেট

| ক্রমিক নং | উপ প্রকল্প নম্বর | উপ -প্রকল্পের নাম | বাজেট | ভ্যাট(১৫%) | আইটি (৩%) | মোট বাজেট |
|---|---|---|---|---|---|---|
| ০১ | INF- ২০২১-২২-৬০৯০৯২-০১ | তাহিরপুর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদ্রাসায় উচু নীচু বেঞ্চ সরবরাহ | ২৮,৩৬,৫০৮/- | ৫,১৮,৮৭৩/- | ১,০৩,৭৭৫/- | ৩৪,৫৯,১৫৬/- |
| ক্রমিক নং | উপ প্রকল্প নম্বর | উপ প্রকল্পের নাম | বাজেট | ভ্যাট(৭.৫%) | আইটি (৩%) | মোট বাজেট |
| ০২ | INF- ২০২১-২২-৬০৯০৯২-০২ | (ক)সাবমারজেবল নলকূপ স্থাপন ও পাইপ লাইনের মাধ্যমে চাঁনপুর টিলা ও রাজাই গ্রামে পানি সরবরাহ।<br>(খ) চাঁনপুর টিলা গ্রামে কমিউনিটি টয়লেট নির্মাণ। | ১১,৬৩,৪৯১/- | ৯৭,৫০০/- | ৩৮,৯৯৯/- | ১২,৯৯,৯৯০/- |
| | সর্বমোট | | ৩৯,৯৯,৯৯৯/- | ৬,১৬,৩৭৩/- | ১,৪২,৭৭৪/- | ৪৭,৫৯,১৪৬/- |

৩০/০৮/২০২৩
(সুপ্রভাত চাকমা)
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর,সুনামগঞ্জ।

৩০/০৮/২০২৩
(করুনা সিন্ধু চৌধুরী বাবুল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
তাহিরপুর ,সুনামগঞ্জ।

CamScanner